

**STUDY MATERIAL FOR SEM - 6 SANSKRIT GENERAL STUDENTS**

**DEPARTMENT OF SANSKRIT**

**K.C.COLLEGE, HETAMPUR, BIRBHUM**

**DATE-27-4-2020**

**PAPER- DSE-2**

**TOPIC-ALAMKARA (NIDARSHANA)**

**TEACHER`S NAME--ARPITA PRAMANIK**

## নিদর্শনা অলংকার

নিদর্শনা একটি অর্থাৎকার। আচার্য বিশ্বনাথ কবিরাজ তাঁর ‘সাহিত্যদর্পণ’ গ্রন্থের দশম পরিচ্ছেদে এই অলংকারের লক্ষণ নির্দেশ করতে গিয়ে বলেছেন---

“সম্ভবন্ বস্তুসম্বন্ধোঃ সম্ভবন্ বাপি কুত্রচিৎ।

যত্র বিশ্বানুবিশ্বতুং বোধয়েৎ সা নিদর্শনা।।”

যে অলংকারে দুটি বস্তুর (প্রকৃত এবং অপ্রকৃত) সম্বন্ধ কোথাও ‘সম্ভব’ (বাধিত) আবার কোথাও বা ‘অসম্ভব’ (অবাধিত) হয়ে বস্তু দুটির মধ্যে বিশ্বপ্রতিবিশ্বভাব বা উপমেয় উপমানভাবে দ্যোতিত করে, সেই অলংকারকেই নিদর্শনা অলংকার বলা হয়ে থাকে। অর্থাৎ বস্তু দুটির মধ্যে সম্ভব ও অসম্ভব সম্বন্ধ যে অলংকারে ব্যঞ্জনাৎ বস্তু দুটির মধ্যে বিশ্বপ্রতিবিশ্বভাব বা উপমেয় উপমানভাবে দ্যোতিত করে, তাইই নিদর্শনা অলংকার।

বৈশিষ্ট্য-- এই অলংকারের বৈশিষ্ট্যগুলি হল--

১। ‘নিদর্শনা’ এক বাক্যের অলংকার। দুটি স্বাধীন স্বতন্ত্র বাক্যের নয়।

২। ‘বস্তুসম্বন্ধ’ বলতে ‘প্রকৃত’ (কবির বর্ণনীয় বিষয়) এবং ‘অপ্রকৃত’ (যা কবির বর্ণনীয় বিষয় নয়, কিন্তু কেবল অলংকার বা চমৎকারিত্ব সৃষ্টির উদ্দেশ্যে আনীত)-এই দুই এর সম্বন্ধ বা সম্পর্ক।

৩। ‘সম্ভব সম্বন্ধ’ বলতে সেই সম্পর্ককেই বোঝায় যা লোকপরিচিত, যা সহজেই স্বীকৃত আর অসম্ভব সম্বন্ধ হল সেই সম্পর্ক যা লোকসংস্কারের বিরোধী অর্থাৎ যা লোকসমাজে অপরিচিত। কেননা তা লোকের সহজ স্বীকৃতিতে বাধাস্বরূপ।

৪। সম্পর্ক বা সম্বন্ধ সম্ভব বা অসম্ভব যাইই হোক না কেন সূক্ষ্মদৃষ্টিতে বা গভীর প্রণীধানে বস্তুদুটির মধ্যে একটি সাম্য, সাদৃশ্য বা ঔপম্য ধরা পড়ে। এইটিই অলংকারিকের ভাষায় বিশ্বপ্রতিবিশ্বভাব বা উপমেয়-উপমানভাব।

উদাহরণ-- “ইদং কিলাব্যাজমনোহরং বপুস্তপঃক্ষমং সাধয়িতুং য ইচ্ছতি।

ধুবং স নীলোৎপলপত্রদারয়া শমীলতাং ছেত্তুম্বির্ব্যবস্যতি।।”

অর্থ- এই অকৃত্রিম(স্বাভাবিক) মনোহর (শকুন্তলার) শরীরটিকে যে ঋষি (কণ্ণমুনি) (কঠোর) তপশ্চরণের যোগ্য করে তুলতে চাইছেন, তিনি নিশ্চয়ই নীলপদ্মের পাপড়ির ধার দিয়ে শমীশাখাছেদনে উদ্যত হয়েছেন।

এখানে বাক্যার্থদুটির পারস্পরিক সম্বন্ধ অসম্ভব(বাধিত) রূপে বর্ণিত হয়ে নিসর্গ সুন্দর শরীরকে তপশ্চরণযোগ্য করা আর নীলপদ্মের পাপড়ির ধার দিয়ে শমীশাখাছেদনের মধ্যে বিশ্ব-প্রতিবিশ্বভাব বোধিত হয়েছে। সুতরাং এই শ্লোকে আছে নিদর্শনা অলংকার।